যুগান্তর

তারিখ 25 FEB 2016
পৃষ্ঠা ১৭ কলাম ২

রাবি শিক্ষক ড. ইউনুস হত্যা

# মৃত্যুদণ্ড রহিত করে দুই জেএমবির যাবজ্জীবন

**রাজশাহী ব্যুরো**

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. ইউনুস হত্যা মামলার পুনঃবিচারের রায়ে দুই জেএমবি ক্যাডারকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত। বুধবার দুপুর পৌণে ১২টায় রাজশাহীর বিভাগীয় দ্রুত বিচার ট্রাইব্যুনালের বিচারক গোলাম আহমেদ খলিলুর রহমান এ রায় দেন। রায়ে দুই জেএমবি সদস্যকে মৃত্যুদণ্ডের পরিবর্তে সাজা কমিয়ে যাবজ্জীবন দেয়া হল।

দণ্ডপ্রাপ্ত দুই জেএমবি ক্যাডার হল, সাতক্ষীরা জেলার ইটাগাছা গ্রামের আবদুর রহমান মাস্টারের ছেলে শফিউল্লাহ ওরফে তারেক ওরফে আবুল কালাম ও নওগাঁর সারকডাঙ্গা গ্রামের হাজী আবদুস সাত্তারের ছেলে শহিদুল্লাহ ওরফে মাহবুব। রায় ঘোষণার সময় দুই আসামি কাঠগড়ায় উপস্থিত ছিল।

আদালত সূত্র জানায়, এর আগে ২০১০ সালের ২৮ জানুয়ারি চাঞ্চল্যকর এই হত্যা মামলার রায়ে দুই জেএমবি ক্যাডারকে মৃত্যুদণ্ড এবং ৫ হাজার টাকা অর্থদণ্ডে দণ্ডিত করা হয়। এছাড়াও এ মামলার অপর ৬ আসামির বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাদের বেকসুর খালাস দেয়া হয়। দণ্ডপ্রাপ্তরা রায়ের বিরুদ্ধে উচ্চ আদালতে আপিল করলে মামলাটি পুনঃবিচারের জন্য রাজশাহী বিভাগীয় দ্রুত বিচার ট্রাইব্যুনালে পাঠানোর আদেশ দেয়া হয়।

উল্লেখ্য, ২০০৪ সালের ২৪ ডিসেম্বর ভোরে অধ্যাপক ড. ইউনুসকে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস সংলগ্ন বিনোদপুর এলাকায় তার বাসা থেকে ৩শ' গজ দূরে আসামিরা ছুরিকাঘাতে ও শ্বাসরোধে হত্যা করে।

এ ঘটনায় ড. ইউনুসের ভাই আবদুল হালিম বাদী হয়ে নগরীর মতিহার থানায় হত্যা মামলা দায়ের করেন। ২০০৭ সালের ১০ সেপ্টেম্বর তদন্ত শেষে ৮ জনের বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল করে পুলিশ।